

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদযাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৫, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ/৩০ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

এস.আর.ও নং-৩৬৩-আইন/২০২১/৫১/কাস্টমস।—সরকার, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড এর সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, Members of Parliament (Remuneration and Allowances) Order, 1973 (P.O. No. 28 of 1973) এর Article 3C এর উদ্দেশ্য পূরণকল্পে, ২৯ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২৩৮-আইন/২০১০/২৩১৭/শুল্ক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের শর্ত (১) এর পরিবর্তে নিম্নরূপ শর্ত (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(১) কোনো ব্যক্তি সংসদ-সদস্য হিসাবে শপথ গ্রহণ করিবার পর, দফা (২) এ বর্ণিত শর্তসাপেক্ষে, শুল্কমুক্তভাবে অনধিক ১৬৫০ সিসি পেট্রোল বা গ্যাসোলিন জ্বালানি অপসারণক্ষম ইঞ্জিন শক্তিসম্পন্ন একটি মোটরকার, অথবা অনধিক ১৮০০ সিসি ডিজেল জ্বালানি অপসারণক্ষম ইঞ্জিন শক্তিসম্পন্ন একটি মোটরকার, অথবা অনধিক ২০০০ সিসি জ্বালানি অপসারণক্ষম ইঞ্জিন শক্তিসম্পন্ন একটি হাইব্রিড মোটরকার, অথবা অনধিক ২০০০ সিসি জ্বালানি অপসারণক্ষম ইঞ্জিন শক্তিসম্পন্ন একটি

( ১২৯ )

মূল্য : টাকা ৪.০০

মাইক্রোবাস, অথবা অনধিক ২০০০ সিসি জ্বালানি অপসারণক্ষম ইঞ্জিন শক্তিসম্পন্ন একটি হাইব্রিড মাইক্রোবাস, অথবা অনধিক ৩০০০ সিসি পেট্রোল বা গ্যাসোলিন জ্বালানি অপসারণক্ষম ইঞ্জিন শক্তিসম্পন্ন একটি জীপ, অথবা অনধিক ৩০০০ সিসি জ্বালানি অপসারণক্ষম ইঞ্জিন শক্তিসম্পন্ন একটি হাইব্রিড জীপ, অথবা অনধিক ৪৫০০ সিসি ডিজেল জ্বালানি অপসারণক্ষম ইঞ্জিন শক্তিসম্পন্ন একটি জীপ, অথবা অনধিক ৪৫০০ সিসি জ্বালানি অপসারণক্ষম ইঞ্জিন শক্তিসম্পন্ন একটি হাইব্রিড জীপ, অথবা ইলেকট্রিক মোটরচালিত একটি মোটরযান (Other vehicles, with only electric motor for propulsion) আমদানি করিতে পারিবেন।”।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম

সিনিয়র সচিব।